

১৪৪ ধারা ভঙ্গ করিয়া শিবিরের সমাবেশে ইসলামী বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
পত্রা ১১ শনিবার ইসলামী বিশ্ব-
বিদ্যালয়ের প্রধান গেটে ছাত্রলীগ
এবং ইসলামী ছাত্রশিবির কর্তৃক একই
সময়ে ছাত্র-গণজমায়েত আহ্বানের
কারণে প্রশাসন ভোর ৬টা হইতে
সন্ধ্যা ৬টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের
পার্শ্ববর্তী এলাকায় ১৪৪ ধারা জারি
(৫ম পৃ: দ্র:)

শিবিরের সমাবেশ

(৫ম পৃ: পর.)

করে। তবে সহস্রাধিক শিবির কর্মী
সংগঠনের কেন্দ্রীয় সভাপতি মতিউর
রহমান আকন্দের নেতৃত্বে রাত
৪টার সময় বিশ্ববিদ্যালয়ের প্রধান
গেট এলাকা দখলে নিয়া ভোর ৬টা
হইতে ১৪৪ ধারা ভঙ্গ করিয়া উক্ত
স্থানে সমাবেশ করিতে থাকে।
পুলিশের সহিত বাকবিতণ্ডার পর
শিবির কর্মীরা সকাল ৮টায় প্রধান
গেট ছাড়িয়া ক্যাম্পাস সংলগ্ন শেখ-
পাড়া বাজারে পুনরায় সমাবেশে
মিলিত হয়। উক্ত স্থানটিও
১৪৪ ধারার আওতাধীন হওয়ায়
পুলিশী বাধার মুখে শিবির কর্মীরা
বেলা ১০টার দিকে শেখপাড়া
ছাড়িয়া বিশ্ববিদ্যালয়ের নিকটবর্তী
মদনডাঙ্গা বাজারে জমায়াতের
আয়োজন করে। শিবিরের কেন্দ্রীয়
সভাপতি, সাবেক সভাপতি রফিকুল
ইসলাম, শেখ কামরুল আলম,
মোস্তফা জামান প্রমুখ তাহাদের
বক্তব্যে ৩১ অক্টোবরের ঘটনার
জন্য প্রশাসনকে দায়ী করিয়া ভিসির
পদত্যাগ এবং নিহত মহসিন
ও আল মামুনের খুনীদের গ্রেফ-
তার ও বিচার দাবী করেন।
শিবিরের সমাবেশ চলাকালে খুলনা-
কুষ্টিয়া মহাসড়কে দীর্ঘ প্রায় দুই
ঘন্টা যান চলাচল বন্ধ থাকায় দূর-
পাল্লার যাত্রীরা দুর্ভোগের শিকার
হয়। ছাত্রলীগ ক্যাম্পাসের অদূরে
মধুপুর বাজারে সমাবেশ করে।
ছাত্রলীগ বিশ্ববিদ্যালয় শাখার
সভাপতি জহুরুল ইসলাম মিলটন,
সাধারণ সম্পাদক আব্দুল হান্নান
প্রমুখ সহস্রাধী শিবির কর্মীদের
গ্রেফতার এবং অবিলম্বে বিশ্ববিদ্যা-
লয় খুলিয়া দেওয়ার দাবী জানান।
এ দিকে শনিবার রাতে জরুরী
সিওকেট সভার সিদ্ধান্ত মোতা-
বেক আগামীকাল ১০ নভেম্বর
বিশ্ববিদ্যালয় খোলার পূর্ববর্তী
সিদ্ধান্ত বাতিল করিয়া অনির্দিষ্ট-
কালের জন্য ক্লাস, পরীক্ষা এবং হল-
সমূহ বন্ধ ঘোষণা করা হইয়াছে।
তবে অফিসসমূহ খোলা থাকিবে।